জরুরি ই-মেইলযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২১.০৪.০১৯.২৬- ৫৭৬

তারিখঃ ১১ চৈত্র, ১৪৩২
২৫ মার্চ, ২০২৬

বিষয় ঃ **'২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি পালনের সিদ্ধান্ত বাস্তবায়ন ।**

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজনৈতিক-৬ শাখার স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.২২.০০১.২০১৮-১৭০, তারিখ: ১০-০৩-২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি মোতাবেক কারা অধিদপ্তর ও আওতাধীন দপ্তরসমূহে নিম্নবর্নিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

১। ২৫ মার্চঃ

ক) ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বাদ যোহর সকল কারা জামে মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত এর ব্যবস্থা করা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের জন্য সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা; উল্লেখ্য যে, কোনো অবস্থাতেই ২৫-০৩-২০২৬ তারিখ রাতে আলোক সজ্জা করা যাবে না।

২। ২৬ মার্চঃ

ক) ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে সকল অফিস এবং কারাগারসমূহে জাতীয় পতাকা উত্তোলন;

খ) ২৬ মার্চ সকল কারাগারে কারা বন্দিদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা;

গ) জাতির শান্তি, সমৃদ্ধি এবং দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে কারা মসজিদে বাদ যোহর বিশেষ দোয়া ও মোনাজাত এর ব্যবস্থা করা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের জন্য সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা;

ঘ) এ ছাড়া সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় কর্মসূচি বাস্তবায়ন করা।

গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অধিনস্থ কারাগারসমূহকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী-১৩ (তেরো) পাতা।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

১। কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ।

২। সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।